গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
উন্নয়ন -০৪ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mowr.gov.bd

**বিষয় : ০৪ অক্টোবর ২০১৭ তারিখে পানি সম্পদ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত জাতীয় পানি সম্পদ পরিষদের নির্বাহী কমিটির ১৫তম সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মাননীয় মন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয়। |
| সভার তারিখ | : | ০৪ অক্টোবর, ২০১৭ |
| সময় | : | সকাল ১১:০০ |
| স্থান | : | পানি সম্পদ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নং-৪০৯, ভবন-৬)। |

সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট-'ক'-তে সংযুক্ত করা হলো।

০২। জাতীয় পানি সম্পদ পরিষদের নির্বাহী কমিটির সভাপতি ও পানি সম্পদ মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমোদনক্রমে পানি সম্পদ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব ড. জাফর আহমেদ খান সভাটি পরিচালনা করেন। তিনি সভাকে অবহিত করেন যে, নির্বাহী কমিটির ১৫তম সভাটি বিগত ১০ সেপ্টেম্বর ২০১৪ তারিখে অনুষ্ঠিত হয়। আজ ১৬তম সভা অনুষ্ঠিত হচ্ছে। বাংলাদেশ পানি আইন-২০১৩ বাস্তবায়নের দায়িত্ব জাতীয় পানি সম্পদ পরিষদের নির্বাহী কমিটির উপর ন্যস্ত করা হয়েছে এবং ওয়ারপো এ কমিটির প্রশাসনিক ও সাচিবিক দায়িত্ব পালন করবে।

০৩। পানি সম্পদ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব সভাপতির অনুমতিক্রমে সভা পরিচালনা করেন। তিনি পানি সম্পদ মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীকে উদ্বোধনী বক্তৃতা প্রদানের জন্য অনুরোধ করেন।

০৪। পানি সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী বাংলাদেশ পানি বিধি-২০১৭ প্রণয়নের যৌক্তিকতা প্রসঙ্গে বলেন যে, পানি সম্পদ ব্যবস্থাপনায় সমন্বিতভাবে কার্যক্রম গ্রহণের মাধ্যমে পানি, কৃষি, মৎস্য, শিল্প ও পরিবেশসহ সামগ্রিক পরিবেশের ব্যবস্থাপনা অত্যন্ত ফলপ্রসূ হবে। বর্তমানে সমন্বিত ব্যবস্থাপনা না থাকায় জলাভূমি এবং নদ-নদী দখল হচ্ছে এবং পানি সম্পদের সমন্বিত উন্নয়ন ব্যাহত হচ্ছে। আশা করা যায়, বাংলাদেশ পানি আইন ও এর অধীনে প্রস্তাবিত বাংলাদেশ পানি বিধি-২০১৭ জারী হলে জলাভূমি ও নদ-নদী দখল প্রতিরোধে এবং পানি সম্পদের সমন্বিত উন্নয়ন সম্ভব হবে। বাংলাদেশের নদ-নদীগুলো পলিবাহিত এবং নদীগুলোর তলদেশ পলি পরায় একদিকে যেমন ড্রেজিং দ্বারা নদীগুলোকে সচল করা দরকার অন্যদিকে নদীতীর সংরক্ষণ করাও প্রয়োজন। তিনি আরও বলেন যে, পরিবেশ সংরক্ষণে পানির ভূমিকা অপরিসীম। তিনি এ প্রস্তাবিত বিধিমালা প্রণয়নে যারা ভূমিকা রেখেছেন তাদেরকে ধন্যবাদ জানান।

০৫। অত:পর পানি সম্পদ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (উন্নয়ন)-কে আলোচ্যসূচি উপস্থাপনের জন্য অনুরোধ করেন। পানি সম্পদ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (উন্নয়ন) ড. মোহাম্মদ আলী খান, এনডিসি আলোচ্যসূচী অনুযায়ী বিস্তারিত সভায় উপস্থাপন করেন। উপস্থাপন শেষে সভাপতি উপস্থাপিত বিষয়ের উপর সকলকে আলোচনায় অংশগ্রহণের জন্য অনুরোধ করেন।

০৬। এ পর্যায়ে ভূমি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জানান যে, Land Recovery Act সংশোধনের কার্যক্রম ভূমি মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন আছে। নদী ও জলাভূমি দখলমুক্ত করা যাবে। এ পরিপ্রেক্ষিতে মাননীয় পানি সম্পদ মন্ত্রী নদী নিরাপদ রাখতে ভূমি মন্ত্রণালয়, আইন মন্ত্রণালয়, নৌ পরিবহণ মন্ত্রণালয়, নদী রক্ষা কমিশন ও পানি সম্পদ মন্ত্রণালয়কে সমন্বিতভাবে কার্যক্রম গ্রহণের উপর গুরুত্বারোপ করেন।

০৭। কৃষি মন্ত্রণালয়ের সিনিয়র সচিব প্রস্তাবিত গাইডলাইনসের ইউনিয়ন কারিগরি কমিটিতে বিএডিসি এবং প্রযোজ্যক্ষেত্রে বিএমডিএ'র প্রতিনিধি অন্তর্ভুক্ত করার জন্য অনুরোধ করেন। রাবার ড্যাম প্রকল্প গ্রহণের ক্ষেত্রে কৃষি এবং মৎস্য ও প্রাণী সম্পদ মন্ত্রণালয়ের মতামত গ্রহণের উপর গরুত্বারোপ করেন।

০৮। স্থানীয় সরকার প্রকৌশল বিভাগের তত্ত্বাবধায়ক প্রকৌশলী বলেন যে, পানি সম্পদ উন্নয়ন প্রকল্পের ছাড়পত্র প্রদানের ক্ষেত্রে এলজিইডি'র উপ-প্রকল্পগুলো একটি ডিপিপি'র আওতায় একক প্রতিষ্ঠান হতে অর্থাৎ ওয়ারপো হতে ছাড়পত্র প্রদান করাই যুক্তিযুক্ত।

০৯। পরিবেশ অধিদপ্তরের মহাপরিচালক পানির মূল্য নির্ধারণের বিধান বিধিমালায় রাখায় ধন্যবাদ জানান।

১০। অতঃপর আলোচ্যসূচির উপর বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

(১) জাতীয় পানি সম্পদ পরিষদের নির্বাহী কমিটির বিগত ১০ সেপ্টেম্বর ২০১৪ তারিখে অনুষ্ঠিত ১৫তম সভার কার্যবিবরণী অনুমোদন করা হলো।

(২) বাংলাদেশ পানি আইন, ২০১৩ এর অধীন প্রণীত বাংলাদেশ পানি বিধি-২০১৭ এর ক্ষমতা বিকেন্দ্রীকরণের প্রস্তাবসহ খসড়া বাংলাদেশ পানি বিধি-২০১৭ অনুমোদন করা হলো।

(৩) বাংলাদেশ পানি বিধি-২০১৭ এর উপর কারো কোন মতামত থাকলে আগামী ১৫(পনের) দিনের মধ্যে লিখিত আকারে পানি সম্পদ মন্ত্রণালয়ে প্রেরণ করবে। উক্ত মতামতের আলোকে কোন সংশোধন থাকলে তা সন্নিবেশিত করে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের লেজিসলেটিভ বিভাগে ভেটিং এর জন্য প্রেরণ করতে হবে।

(৪) বাংলাদেশ পানি আইন, ২০১৩ কার্যকর প্রয়োগ ও বাস্তবায়নের জন্য স্থানীয় সরকার প্রতিষ্ঠান বিশেষ করে ইউনিয়ন ও উপজেলা পরিষদকে সম্পৃক্ত করতে হবে।

(৫) বাংলাদেশ পানি আইন, ২০১৩ এর অধীন প্রণীত বাংলাদেশ পানি বিধিমালা-২০১৭ এর আলোকে ইউনিয়ন ও উপজেলা পরিষদ সমন্বিত পানি ব্যবস্থাপনা গাইডলাইনস দুটির নীতিগত অনুমোদন করা হলো।

(৬) পানি সম্পদ মন্ত্রণালয় বাংলাদেশ পানি বিধি-২০১৭ এর আলোকে গাইডলাইনস দু'টি প্রয়োজনীয় পরিমার্জনপূর্বক জারী করিবে।

(৭) স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের অধীন স্থানীয় সরকার বিভাগ গাইডলাইনস দুটি মাঠ পর্যায়ে প্রয়োগের কার্যকরী পদক্ষেপ গ্রহণ করবে।

(৮) বাংলাদেশ পানি আইন, ২০১৩ বাস্তবায়নে ওয়ারপোর প্রাতিষ্ঠানিক কাঠামো শক্তিশালীকরণের লক্ষ্যে প্রস্তাবিত জনবল নীতিগত অনুমোদন করা হলো।

০৪। পরিশেষে সভাপতি সভায় উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
০৪-১০-২০১৭।
(আনিসুল ইসলাম মাহমুদ)
মন্ত্রী
পানি সম্পদ মন্ত্রণালয়
ও
সভাপতি
জাতীয় পানি সম্পদ পরিষদের নির্বাহী কমিটি।

স্মারক নং-৪২.০০.০০০০.০৩৭.০০৬.০১৪.২০১৭-৩০৯

১৯ আশ্বিন ১৪২৪
তারিখঃ--------------------
০৪ অক্টোবর ২০১৭

অদ্য ০৪ অক্টোবর, ২০১৭ তারিখে অনুষ্ঠিত 'জাতীয় পানি সম্পদ পরিষদ' এর 'নির্বাহী কমিটির'র ১৬তম সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে নির্দেশক্রমে প্রেরণ করা হল।

০৪.১০.২০১৭
(হামিদা চৌধুরী)
যুগ্ম-সচিব
পরিচিতি নং-৫৭৬১
ফোনঃ ৯৫৭৬৫১০।
ই-মেইলঃ dev4mowr@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১. মাননীয় মন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মাননীয় মন্ত্রী, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. মাননীয় মন্ত্রী, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. মাননীয় মন্ত্রী, মৎস্য ও প্রাণি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. মাননীয় মন্ত্রী, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. মাননীয় প্রতিমন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. সদস্য, (কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ), পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর, ঢাকা।
৯. সিনিয়র সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. সিনিয়র সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. সচিব, মৎস্য ও প্রাণি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬. মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, পরিবেশ ভবন, ই/১৬, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
১৭. মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা।

১৮. প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, এলজিইডি ভবন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।

১৯. প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ডিপিএইচই ভবন, ১৪ শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণী, কাকরাইল, ঢাকা।

২০. সদস্য, যৌথ নদী কমিশন, বাংলাদেশ, ৭২ গ্রীন রোড, ঢাকা-১২১৫।

২১. মহাপরিচালক, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা, ৭২ গ্রীন রোড, ঢাকা-১২১৫।

২২. জনাব ইশতিয়াক উদ্দিন আহম্মদ, কান্ট্রি-রিপ্রেজেন্টটেটিভ, আই.ইউ.সি.এন, (লেভেল ৫ও ৬), রোড-২২, হাউজ নং-১৩৮ (বি), মহাখালী ডিওএইচএস, ঢাকা-১২০৬।

২৩. ডঃ মোঃ মনোয়ার হোসেন, নির্বাহী পরিচালক, ইনস্টিটিউট অব ওয়াটার মডেলিং, বাড়ী নং-৪৯৬, এ্যানেক্স ৪৭৯, সড়ক নং ৩২, নিউ ডিওএইচএস, মহাখালী, ঢাকা।

২৪. জনাব এ্যারোমা দত্ত, নির্বাহী পরিচালক, পিআরআইপি ট্রাস্ট, হাউজ নং-৭২, রোড নং-৮/এ, আবাসিক এলাকা, জিগাতলা, ধানমন্ডি, ঢাকা।

<u>অনুলিপি সদয় অবগতি জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ</u>

১. যুগ্ম-সচিব (উন্নয়ন-১), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২. মাননীয় মন্ত্রী/ প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪. অতিরিক্ত সচিব (প্রশাসন/ উন্নয়ন)মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫. যুগ্ম প্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।